

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়
মেহেরপুর।

www.meherpurghs.edu.bd

স্থাপিত : ১৮৫৪ খ্রি. বিদ্যালয়ের কোড : ৫৭৫০ ফোন নং: ০২৪৭৭৭৯২৩৪ EINN : 118298 ই-মেইল : mghs.1854@yahoo.com

স্মারক নং : ৬৪৫/৩

তারিখ : ২৭/০২/২০২৪খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৬.৪৭.০০১.২০১৯. তারিখ : ১২/০২/২০২৪ খ্রি. মোতাবেক মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মেহেরপুর এর পুরানো একাডেমিক ভবন, প্রধান শিক্ষকের জরাজীর্ণ বাসভবন ও বিদ্যালয়ের গেট সংলগ্ন দুই কক্ষ বিশিষ্ট ভবন, মোট তিনটি ভবন অপসারণ এর বিবরণী নিম্নে দেয়া হলো :

ক্রমিক নং	কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	বায়নার মূল্য (টাকা)	কার্য সম্পাদন
০১	পুরানো একাডেমিক ভবন	মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়	১৭০০০/-	১০ (দশ) দিন
০২	প্রধান শিক্ষকের জরাজীর্ণ বাসভবন	মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়	২৫০০/-	১০ (দশ) দিন
০৩	বিদ্যালয়ের গেট সংলগ্ন দুই কক্ষ বিশিষ্ট ভবন	মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়	১৫০০/-	১০ (দশ) দিন

শর্তাবলী :

- ১। মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মেহেরপুর এর ক্যাম্পাসে বর্ণিত ভবনগুলো যে অবস্থায় আছে ঠিকাদার/ফার্মের মালিক তা দেখে লেটার হেড প্যাডে নিলাম দর উল্লেখ পূর্বক সিলগালা করে দাখিল করতে হবে।
- ২। বায়নার টাকা যে তপসীলভুক্ত ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রধান শিক্ষক, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মেহেরপুর বরাবর জমা দিতে হবে। নিলামে অংশ গ্রহণকারী সর্বোচ্চ দর দাতা ঠিকাদার/ ফার্মের দাখিলকৃত দর নিলাম কমিটি কর্তৃক গৃহীত হওয়ার পর ০২(দুই) দিনের মধ্যে অনুমোদিত দর/মূল্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় বরাবর জমা দিতে হবে।
- ৩। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারকে ১০ (দশ) দিনের মধ্যে ভবন গুলোর মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৪। বর্ণিত ভবন গুলো অপসারণের সময় যদি বিদ্যালয়ের কোন স্থাপনা বা কোন জিনিসপত্রের ক্ষতি হয় তবে ঠিকাদার/ফার্ম তা নিজ খরচে পূরণ করে দিতে বাধ্য থাকবে।
- ৫। সরকারি বিধি মোতাবেক দরপত্রের সঙ্গে দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাটসহ সরকারি কর আলাদা ভাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রধান শিক্ষক, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় বরাবর জমা দিতে হবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার স্থান : প্রধান শিক্ষকের কার্যালয়ে রক্ষিত বাঞ্জে, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মেহেরপুর।
- ৭। দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ১১/০৩/২০২৪খ্রি. সময় বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত।
- ৮। দরপত্র খোলার তারিখ : ১১/০৩/২০২৪খ্রি. সময় বেলা ১২.৩০ ঘটিকা (দরপত্র দাতাদের যদি কেউ উপস্থিত থাকেন)।
- ৯। কোন কারণ দর্শানো ছাড়া যে কোন দরপত্র গ্রহণ বা দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।
- ১০। নিলামে অংশ গ্রহণকারী সর্বোচ্চ দর দাতা ঠিকাদার/ফার্ম নিলাম মূল্য উল্লেখিত ২(দুই) দিনের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে বায়নার টাকা বাজেয়াপ্ত মর্মে গণ্য হবে।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, মেহেরপুর।
- ৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা।
- ৪) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর।
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৭) সংরক্ষণ নথি।

(মো: শরিফুল ইসলাম)
সদস্য সচিব
নিলাম কমিটি
৩
প্রধান শিক্ষক
মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়
মেহেরপুর।